# রাজনৈতিক জোট করলেও ভোট করতে হবে নিজ দলীয় প্রতীকে: হাইকোর্ট



সংগৃহীত ছবি

আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে কোনো রাজনৈতিক দল জোটবদ্ধ হয়ে অংশ নিলেও তাদের নিজস্ব দলীয় প্রতীকেই ভোটে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে হাইকোর্টের এক রায়ে বিষয়টি স্পষ্ট হয়েছে।

বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) সন্ধ্যায় বিচারপতি ফাতেমা নজীব ও বিচারপতি ফাতেমা আনোয়ারের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ জোটগত নির্বাচনেও পৃথক দলীয় প্রতীকের বাধ্যবাধকতা চ্যালেঞ্জ করে করা রুলটি খারিজ করে দেন।

রায়ের ফলে নির্বাচনী জোট গঠন করা গেলেও প্রতিটি দলকে নিজেদের স্বীকৃত প্রতীক ব্যবহার করেই প্রার্থী মনোনয়ন ও প্রচারণা চালাতে হবে।

অতীতে জাতীয় নির্বাচনে বড় রাজনৈতিক দলের নেতৃত্বে থাকা জোটের ছোট দলগুলোকে প্রভাবশালী দলের প্রতীক ব্যবহার করতে দেখা গেলেও কিছু ক্ষেত্রে নিজস্ব প্রতীক নিয়ে অংশগ্রহণের নজিরও রয়েছে। এবার হাইকোর্টের রায়ে বিষয়টি আর স্পষ্টভাবে আইনগত বাধ্যবাধকতা হয়ে দাঁড়াল।

LENS ASIA